অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রচেস্টারে লুমিনেট নিউ ইয়র্ক অ্যাক্সিলেটর প্রতিযোগিতায় (LUMINATE NY ACCELERATOR COMPETITION) 15 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন ঘোষণা করেছেন

অতিরিক্ত অর্থায়ন তিন রাউন্ড উদ্ভাবনী অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং (Optics, Photonics and Imaging, OPI) প্রতিযোগিতার সমর্থন করবে

সমাজগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থিনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" (Finger Lakes Forward) এর সম্পুরক এই বিনিয়োগ

গভর্নর কুওমো আজ ঘোষণা করেন যে 15 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থায়ন উপলব্ধ করা হচ্ছে রচেস্টার শহরে লুমিনেট নিউ ইয়র্ক বিজনেস অ্যাক্সিলেটর প্রতিযোগিতায় (Luminate NY business accelerator competition) আরো তিনটি বেশি রাউন্ড সমর্থন করার জন্য| এই উদ্ভাবনী প্রতিযোগিতা অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং শিল্পের উপর নজর কেন্দ্রীভূত করে এবং এর পরিচালনা করে নেটকর্পস, যা রচেস্টারের সিবলী স্কোয়ারের ডাউনটাউন ইনোভেশন জোনে অবস্থিত| লুমিনেট নিউ ইয়র্ক নির্বাচিত উদ্ভাবকদের সমর্থন করে যখন তারা তাদের চিন্তাভাবনাগুলি রচেস্টারে বর্ধিত করে শিল্পের বিশেষজ্ঞদের, ব্যবসাগুলির এবং স্থানীয় বিশ্ববিদ্যালয়গুলির থেকে সাহায্য নিয়ে| কার্যক্রমটি উদ্দেশ্য উদ্যোক্তাদের সাহায্য করা যারা চ্যালেঞ্জিং শিল্প সংক্রান্ত সমস্যার সমাধান করতে আগ্রহী, যার অন্তভুক্ত, কিন্তু তাতেই সীমিত নয়: মেশিন ভিশন, পরীক্ষণ, বায়োফোটনিক্স, নিরাপত্তা, নজরদারি, উদ্দীপিত এবং ভার্চুয়াল রিয়েলিটি, এবং স্বচালিত যান| লুমিনেট নিউ ইয়র্ক প্রোগ্রামের অর্থায়ন প্রদান করা হয় রুপান্তনকারী লেকস ফরোয়ার্ড আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Finger Lakes Forward Upstate Revitalization Initiative) মাধ্যমে|

"লুমিনেট নিউ ইয়র্ক অ্যাক্সিলেটর এই অঞ্চলের সুনাম আরো দৃঢ়ভাবে স্থাপন করছে ইমেজিং এবং অপটিক্সের উৎপত্তিস্থল হিসেবে সারা দেশের জন্য", **গভর্নর কুওমো বলেন।** "এই উদীয়মান শিল্পে কৌশলগত বিনিয়োগ নতুন ব্যবসার বৃদ্ধি লালন করবে এবং উচ্চমানের কাজের সুযোগ তৈরি করবে এই অঞ্চলের উচ্চমানের দক্ষতা সম্পন্ন কর্মিবলের জন্য আমরা যত ফিঙ্গার লেকসকে অগ্রসর করব|"

"লুমিনেট নিউ ইয়র্ক উদ্ভাবনমূলক সংস্থাগুলিকে সাহায্য করছে এবং রচেস্টারে প্রযুক্তিসমূহের উন্নয়ন করছে," **বলেন লেফটনান্ট গভর্নর ক্যাথি হচুল|** "প্রতিযোগিতার জন্য এই অতিরিক্ত অর্থায়ন ব্যবসাগুলিকে সহায়তা করবে এবং উচ্চ-প্রযুক্তির শিল্পটিকে আরো উন্নত করবে আরো কাজ সৃষ্টি করে এবং অঞ্চলের অর্থনীতিকে আরো উদ্দীপিত করবে| আমরা ফটোনিক্স শিল্পে আমাদের বিনিয়োগ চালিয়ে যাওয়ার এবং ফিঙ্গার লেকসকে অগ্রসর বিষয়ে অঙ্গীকারবদ্ধ|"

লুমিনেট নিউ ইয়র্ক অ্যাক্সিলেটরের দ্বিতীয় রাউন্ডের প্রতিযোগিতা শুরু হয় জানুয়ারিতে| দশজন চূড়ান্ত পর্যায়ের জন্য নির্বাচিত হন, 100,000 মার্কিন ডলারের প্রাথমিক বিনিয়োগ প্রাপ্ত হন এবং বর্তমানে তারা একটি ছয়-মাসের কর্মসূচিতে নিমজ্জিত সংস্থাগুলিকে তাদের ব্যবসা নিয়ে সহায়তা করতে এবং প্রযুক্তির বাণিজ্যকরণ ত্বরান্বিত করার জন্য| দলগুলি তারপর ডেমো ডেতে প্রতিযোগিতা করবে জুন 27 2019 এ, 2 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ফলো-আপ অর্থায়নের জন্য| সংস্থাগুলিকে অবশ্যই রচেস্টারে তাদের কাজকর্ম প্রতিষ্ঠা করার জন্য অঙ্গীকার করতে হবে অন্তত 18 মাসের জন্য|

লুমিনেট নিউ ইয়র্ক রাউন্ড একের বিজয়ী, কলোরাডোতে স্থাপিত ডাবল হেলিক্স অপটিকস (Double Helix Optics),গ্র্যান্ড প্রাইজ পায় তাদের লাইট ইঞ্জিনিয়ারিং প্রযুক্তির জন্য| এর SPINDLE 3D ন্যানোইমেজিং মডিউলটি অঙ্গীভূতভাবে একত্রিত হয় বিদ্যমান মাইক্রোস্কোপ, ক্যামেরা এবং অন্যান্য অপটিক্যাল যন্ত্রগুলির সাথে 3D সুপার-রেজলিউশন ইমেজিং এবং ট্র্যাকিং নাগালের মধ্যে নিয়ে আসতে এবং সাশ্রয়ী করতে। এর ফলে বায়োলজিকাল এবং বায়োমেডিকাল গবেষণার এবং ওষুধ আবিষ্কারের উন্নয়ন হচ্ছে|

ড: সুজাতা রামানুজন, ম্যানেজিং ডিরেক্টর, লুমিনেট নিউ ইয়র্ক বলেন, "লুমিনেট প্রাথমিক পর্যায়ের অর্থায়ন, বিশেষজ্ঞতা এবং মেন্টরিং প্রদান করেন যা স্টার্টাপএর প্রয়োজন উদীয়মান প্রযুক্তিগুলিকে বাজারে নিয়ে আসতে| লুমিনেটের অর্থায়ন এবং উপলব্ধতা প্রসারণ করা শুধু সংস্থাগুলির ক্ষমতা বৃদ্ধি করবে যারা রচেস্টারে আসবে অপটিকস, ফটোনিক্স এবং ইমেজিং এর ক্ষেত্রে যতটা সম্ভব উন্নতি করার জন্য|"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "লুমিনেট নিউ ইয়র্ক এর আরও তিনটি রাউন্ড হবে যা এই প্রতিযোগিতা যে বানিজ্যকে চালিত করছে ফটোনিক্স শিল্পে উদ্ভাবনী ধারনা, চাকরি এবং শিক্ষামূলক সুযোগগুলির মাধ্যমে, যা ফিঙ্গার লেকস অঞ্চল এবং নিউইয়র্ক স্টেটকে উপকৃত করছে।"

যুক্তরাষ্ট্র ডিপার্টমেন্ট অফ ডিফেন্সের (U.S. Department of Defense) এর অধীনে আমেরিকান ইনস্টিটিউট ফর ম্যানুফাকচারিং ইন্টিগ্রেটেড ফটোনিক্স, (American Institute for Manufacturing Integrated Photonics, AIM Photonics), যারা নিউ ইয়র্ক থেকে 250 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গীকার দ্বারা সমর্থিত এবং রচেস্টারে অবস্থিত আধুনিকতম AIM নির্মাণ ফেসিলিটিতে যা অন সেমিকন্ডাক্টরে (On Semiconductor) ইস্টম্যান বিজনেস পার্কে (Eastman Business Park) অবস্থিত, তাদের কাজের উপর ভিত্তি করে লুমিনেট নিউ ইয়র্ক গঠন করে| প্রথমে ঘোষিত গভর্নর কুওমো এবং উপ-রাষ্ট্রপতি জো বিডেন দ্বারা 2015 সালে, AIM ফটোনিক্স আরো সাহায্য করবে ফিঙ্গার লেকস অঞ্চলকে এবং রাষ্ট্রের নেতৃস্থানীয় পদগুলিকে আয়ত্তে আনতে উদীয়মান প্রযুক্তির গবেষণা, উন্নয়ন, এবং নির্মাণের ক্ষেত্রে| ফিঙ্গার লেকস রিজিওনাল ইকনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Finger Lakes Regional Economic Development Council) 30 মিলিয়ন মার্কিন ডলারের ফটোনিক্স অ্যাট্র্যাকশন ফান্ড (Photonics Attraction Fund) প্রতিষ্ঠা করেছে যা একীভূত ফটোনিক্স সংস্থাগুলিকে আকর্ষিত করবে তাদের নির্মাণ ক্রিয়াকলাপ স্থাপন করতে বৃহত্তর রচেস্টার অঞ্চলে|

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের মনরো কাউন্টি কমিউনিটি কলেজের সহ-সভাপতি (Monroe Community College) প্রেসিডেন্ট অ্যান ক্রেস এবং বৃহত্তর রোচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট ও সিইও বব ডাফি বলেছেন, "গভর্নর কুওমোকে অনেক ধন্যবাদ এই OPI প্রতিযোগিতার অবিশ্বাস্য মূল্য বোঝার জন্য

এই অঞ্চলের ভবিষ্যতের উদ্দেশ্যে| লুমিনেট নিউ ইয়র্ক অ্যাক্সিলেটর এবং ফটোনিক্স অ্যাট্র্যাকশন ফান্ড (Photonics Attraction Fund) কাজ করছে অঞ্চলটিকে একটি বিশ্বব্যাপী নেতৃস্থানীয় পদে আরো প্রতিষ্ঠিত করার জন্য আলো-ভিত্তিক পণ্যের ও পরিষেবার ফেঁপে ওঠা শিল্পে, যা আমরা বিশ্বাস করি ফিঙ্গার লেকসকে অগ্রসর করতে সাহায্য করবে আরো বহু বছর ধরে|"

কংগ্রেসম্যান জোসেফ ডি. মোরেল বলেন, "লুমিনেটের জন্য এই অতিরিক্ত অর্থায়ন ফিঙ্গার লেকস অঞ্চলকে আরো দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করতে সাহায্য করবে একটি উচ্চ-প্রযুক্তির অপটিক্স, ফটোনিক্স, এবং ইমেজিং ক্লাস্টারের ক্ষেত্রে একটি বিশ্বনেতা হিসেবে| আমি গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ তার উদ্ভাবনী প্রযুক্তিতে বিনিয়োগ অবিরত রাখার জন্য যা নতুন, ভালো বেতনের চাকরি প্রদান করবে এবং আমাদের আঞ্চলিক অর্থনীতিকে উদ্বুদ্ধ করবে|"

সেনেটর জো রোবাচ বলেছেন, "লুমিনেট নিউ ইয়র্ক আমাদের অঞ্চলের সুনাম বৃদ্ধি করেছে অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিং এর ক্ষেত্রে উদ্ভাবনী প্রতিযোগিতার সময় থেকে 2018 সাল থেকে| লুমিনেট নিউ ইয়র্ক এর প্রদান করা অর্থায়ন গুরুত্বপূর্ণ বেড়ে ওঠা সংস্থাগুলির জন্য যাতে লুমিনেট বিনিয়োগ করে এবং কর্ম সংস্থান উন্নত করেছে আমাদের দক্ষ কর্মিবলের জন্য| ফিঙ্গার লেকস রিজিওনাল ইকনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের সদস্য হিসেবে, আমি গর্বিত এই দেখে যে এই বিনিয়োগ আমাদের স্থানীয় অর্থনীতির এমন এক গুরুত্বপূর্ণ সেক্টরে করা হচ্ছে|"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেছেন, "আমি গভর্নরের লুমিনেট নিউ ইয়র্ক অপটিক্স (Luminate New York Optics) অর্থায়ন সম্বন্ধে ঘোষণা দেখে আনন্দিত| এই উদ্ভাবনী প্রোগ্রাম সেই উদ্যোগ সংক্রান্ত উদ্দীপনার জন্য অর্থায়ন প্রদান করে যা প্রয়োজন সৃজনশীল প্রকল্পের জন্য যা পরের প্রজন্মকে কাজ এবং অর্থনৈতিক বৃদ্ধি প্রদান করবে আমাদের রাজ্য এবং রাষ্ট্রের জন্য| আমি জানি যে এই পরের অর্থায়ন দারুন সব চিন্তাভাবনা প্রদান করবে যা এক উজ্জ্বল ভবিষ্যত গঠন করবে আমাদের পরিবারগুলির জন্য|"

রোচেস্টার মেয়র লাভলি এ. ওয়ারেন বলেছেন, "লুমিনেট নিউ ইয়র্ক-তে যে অবিশ্বাস্য অগ্রগতি চলেছে তা পরিষ্কারভাবে গভর্নর কুওমোর এই উচ্চ-প্রযুক্তির ব্যবসার লালনের কাজ রচেস্টারে অবস্থিত করার সিদ্ধান্তের জ্ঞানসম্পন্নতা প্রদর্শন করে এবং আমাদের অঞ্চলটিকে ফটোনিক্স এবং অপটিক্সের রাজধানী হিসেবে প্রতিষ্ঠা করে| লুমিনেট নিউ ইয়র্ক ব্যবসায়িক নেতাদের একটি মঞ্চ প্রদান করছে তাদের উদ্ভাবনী চিন্তাভাবনাগুলি কেনাবেচার স্থানে নিয়ে আসার জন্য যা রচেস্টারের জ্ঞানভিত্তিক অর্থনীতির বৃদ্ধিকে তরান্বিত করে| গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) এই প্রোগ্রামের প্রতি অবিরত সহায়তা সত্যি আমাদের সমগ্র শহরের জন্য একটি বিনিয়োগ, যা আমাদের আরো কাজ, নিরাপত্তা, আরো স্পন্দনশীল পরিবেশ তৈরি করতে এবং আমাদের অধিবাসীদের জন্য শিক্ষামূলক সুযোগ তৈরি করেছে আমাদের বাসিন্দাদের জন্য।"

লুমিনেট নিউ ইয়র্ক অ্যাক্সিলেটর সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য এখানে ক্লিক করুন|

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা “ফিঙ্গার লেকস ফরোয়ার্ড” এর সম্পূরক, এই এলাকায় ব্যাপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। স্টেট এর মধ্যেই 6.1 বিলিয়নের বেশি বিনিয়োগ করেছে এই অঞ্চলে 2012

সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে - মূল শিল্পগুলিতে বিনিয়োগ করে যার অন্তর্ভুক্ত ফটোনিক্স, কৃষি এবং খাদ্য উত্পাদন, এবং উন্নত নির্মাণ কার্য| বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

অঞ্চলটি এখন ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের সাহায্যে যা প্রদান করা হয়েছে আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) সাহায্যে, যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015 এ ঘোষণা করেছেন| স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরো তথ্য এখানে উপলব্ধ|

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন